২৯ নভেম্বর, ২০২৫

নির্বাচন নোটিশ নং ০১ /২৫/০১/ ২৪৫৩৭-২

# নির্বাচনী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর ২০২৬-২০২৮ মেয়াদের দ্বি-বার্ষিক নির্বাচন আগামী ১৬ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ সোমবার অনুষ্ঠিত হবে। এতদ্সঙ্গে নির্বাচন তফসিল (সংযোজনী -১) সংযুক্ত করা হলো ঃ-

## নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলী

নির্বাচন তফসিলে বর্ণিত তারিখের (১৭ ডিসেম্বর, ২০২৫) পরে এসোসিয়েশনের বাৎসরিক চাঁদা বা অন্য যে কোন পাওনা বকেয়া রাখিয়াছেন এমন কোন সদস্য উক্ত নির্বাচনে ভোটার হইতে পারিবেন না। রিহ্যাব-এর আসন্ন দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৬-২০২৮ এ ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যকরণীয়-

১. (ক) প্রতিষ্ঠান এর হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।

(খ) প্রতিষ্ঠান এর হালনাগাদ আয়কর সনদ/আয়কর প্রদানের টাকা জমার রশিদের সত্যায়িত কপি।

(গ) অনুমোদিত শেয়ার হোল্ডার পরিচালকের (ভোটার) দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি।

(ঘ) নমুনা স্বাক্ষর ফরম, কোম্পানির প্রতিনিধি নিয়োগ সংক্রান্ত রেজুলেশন ফরম।

(ঙ) রিহ্যাব সদস্য প্রতিষ্ঠান যাদের রিহ্যাব সদস্য হিসেবে তালিকাভুক্তির মেয়াদ ধার্য ১৬ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের অব্যবহিত আগে ন্যূনতম ১২০ (একশত বিশ) দিন মেয়াদ পূর্ণ হয়েছে শুধুমাত্র সেই সকল রিহ্যাব সদস্য প্রতিষ্ঠান রিহ্যাব পরিচালনা পর্ষদ (২০২৬-২০২৮) নির্বাচনে "ভোটার" হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

২. প্রাথমিক ভোটার তালিকায় কাহারো নাম অন্তর্ভুক্তি বা সংশোধন বা উহা হইতে বাদ দেওয়ার প্রয়োজন হইলে নির্বাচন তফসিল বর্ণিত সময়ের মধ্যে নির্বাচন আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাইতে হইবে। দাখিলকৃত আপত্তির ব্যাপারে আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হইবে।

৩. ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি নাই এমন কোন ব্যক্তি পরিচালনা পর্ষদ নির্বাচনে প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারিবেন না ।

৪. রিহ্যাব সদস্য প্রতিষ্ঠান যাদের রিহ্যাব সদস্য হিসেবে তালিকাভুক্তির মেয়াদ ধার্য ১৬ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের অব্যবহিত আগে ন্যূনতম ৫ (পাঁচ) বছর মেয়াদ পূর্ণ হয়েছে শুধুমাত্র সেই সকল রিহ্যাব সদস্য প্রতিষ্ঠান রিহ্যাব পরিচালনা পর্ষদ (২০২৬-২০২৮) নির্বাচনে "পরিচালক বা অফিস বেয়ারার" পদে প্রার্থী হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

৫. ১০০০/-(এক হাজার) টাকার বিনিময়ে প্রাথমিক অথবা চূড়ান্ত ভোটার তালিকা সংগ্রহ করা যাইবে এবং মনোনয়ন পত্র সংগ্রহের সময় নগদ ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে।

Election Board, REHAB Election 2026-2028



হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

৬. মনোনয়ন পত্র কাটাছেঁড়া বা ওভার লেপিং হলে পুনরায় ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে নতুন মনোনয়ন পত্র ক্রয় করতে হবে।

৭. প্রত্যেক প্রার্থীকে পরিচালনা পর্ষদ এর পরিচালক পদের মনোনয়ন ফি বাবদ নগদ ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র এবং অফিস বেয়ারার পদের মনোনয়ন ফি বাবদ প্রেসিডেন্ট পদে নগদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট পদে নগদ ৭৫,০০০/- ( পঁচাত্তর হাজার) টাকা মাত্র এবং অন্যান্য ভাইস প্রেসিডেন্ট পদে নগদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র জমা দিতে হইবে। যাহা মনোনয়ন পত্র বাতিল বা প্রত্যাহারকালীন ফেরৎযোগ্য নহে। মনোনয়ন পত্র জমা দেয়ার সময় মনোনয়ন ফি প্রদানের মূল রশিদ সংযুক্ত করিতে হইবে।

৮. নির্বাচনে আগ্রহী প্রার্থীগণ নিম্নলিখিত কাগজপত্র সঠিকভাবে পূরণকৃত মনোনয়নপত্র নির্বাচনের বোর্ডের নিকট দাখিল করিবেন।

(ক) নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে ঋণখেলাপী কিনা সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত মূল প্রত্যায়নপত্র।

(খ) নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করিয়াছেন কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত আয়কর, ভ্যাট রিটার্ন ও শুল্ক পরিশোধের মূল সনদপত্র;

(গ) ফৌজদারি অপরাধে দোষী সাবস্ত হইয়া কারাদন্ডে দন্ডিত কিনা এবং তাহার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হইয়াছে কিনা সে বিষয়ে পুলিশ ক্লিয়ারেন্সের মূল সনদ;

(ঘ) প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি।

৯. মনোনয়ন পত্র বাছাইয়ের সময় প্রার্থী স্বয়ং অথবা তার প্রতিনিধি, প্রস্তাবকারী ও সমর্থনকারী উপস্থিত থাকিতে পারিবেন।

১০. নির্বাচন বোর্ড কারো মনোনয়ন পত্র বাতিল করিলে প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রকাশের পর নির্বাচনী তফসিল বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন। এ ব্যাপারে আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১১. ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকিলে ফলাফল প্রকাশের পর নির্বাচন তফসিল বর্ণিত সময়ের মধ্যে আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন। আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া গণ্য হইবে।

১২. নির্বাচনে ভোট দানের অধিকারী সদস্যগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া ভোট প্রদান করিবেন। প্রক্সির মাধ্যমে কোন ভোট দেয়া যাইবে না।

১৩. নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হইবে এবং উপস্থিত প্রত্যেক ভোটার প্রত্যেক পদের জন্য একটি ভোট প্রয়োগের অধিকারী হইবেন। নির্বাচন বোর্ড প্রদত্ত ছবি সম্বলিত ভোটার পরিচয়পত্র প্রদর্শনপূর্বক ভোট দিতে হইবে।

১৪. **রিহ্যাব পরিচালনা পর্ষদ (২০২৬-২০২৮) নির্বাচনে একজন প্রেসিডেন্ট, একজন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, একজন ভাইস প্রেসিডেন্ট-১, একজন ভাইস প্রেসিডেন্ট-২, একজন ভাইস প্রেসিডেন্ট-৩, একজন ভাইস প্রেসিডেন্ট (ফিন্যান্স), একজন ভাইস প্রেসিডেন্ট (চট্টগ্রাম থেকে) এবং ২০ (বিশ) জন পরিচালক "ঢাকা" এবং ২ (দুই) জন পরিচালক "চট্টগ্রাম রিজিয়ন" সর্বমোট ২৯**

Election Board REHAB Election 2026-2028

হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)



আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভূইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

(উনত্রিশ) জন নির্বাচিত নেতৃবৃন্দের সমন্বয়ে গঠিত হবে। প্রত্যেক ভোটারকে ১ (এক) টি ব্যালটে "ঢাকা"- ২৬ (ছাব্বিশ) জন এবং অন্য ১ (এক) টি ব্যালটে "চট্টগ্রাম রিজিয়ন"- ৩ (তিন) জন কে ভোট প্রদান করবেন। চট্টগ্রাম রিজিয়ন হতে ৩ (তিন) টি পদের নির্বাচনে সকল ভোটারই ভোট প্রদান করবেন। তবে শুধুমাত্র চট্টগ্রাম রিজিয়ন এর ভোটারগণই এই ৩ (তিন) টি পদে প্রার্থী হতে পারবেন।

অফিস বেয়ারার ও পরিচালক নির্বাচনে "ঢাকা"য় ২৬ (ছাব্বিশ) টির কম বা বেশী প্রার্থীকে ভোট দেয়া হলে ব্যালটটি বাতিল বলে গণ্য হবে। একইভাবে "চট্টগ্রাম রিজিয়ন"-এ ৩ (তিন) টির কম বা বেশী প্রার্থীকে ভোট দেয়া হলে ব্যালটটি বাতিল বলে গণ্য হবে। ভোট গ্রহণের স্থান পরবর্তীতে যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

১৫. চট্টগ্রাম রিজিওন- এ প্রতি ১৫ (পনের) জন সদস্যে ১ (এক) জন হিসেবে বর্তমানে মোট ৬ (ছয়) জন রিজিওন্যাল সদস্য নির্বাচিত হবেন বিধায় চট্টগ্রাম রিজিওন্যাল কমিটি গঠন কল্পে একই সময়ে ও স্থানে রিজিওন্যাল সদস্যদের নির্বাচন অনুষ্ঠিত হবে। শুধুমাত্র চট্টগ্রাম রিজিয়ন এর ভোটারগণের ভোটে এই ৬ (ছয়) জন রিজিওন্যাল সদস্য নির্বাচিত হবেন। চট্টগ্রাম রিজিওন্যাল সদস্য নির্বাচনে ৬ (ছয়) টির কম বা বেশি প্রার্থীকে ভোট দেয়া হলে ব্যালটটি বাতিল হবে।

প্রতি প্রার্থীকে রিজিওন্যাল সদস্য পদের মনোনয়ন পত্রের জন্য নগদ ১,০০০ (এক হাজার) টাকা এবং মনোয়ন ফি বাবদ নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র জমা দিতে হইবে। যাহা মনোনয়ন পত্র বাতিল বা প্রত্যাহারকালীন ফেরৎযোগ্য নহে। মনোনয়ন পত্র জমা দেয়ার সময় মনোনয়ন ফি প্রদানের মূল রশিদ সংযুক্ত করিতে হইবে। প্রতি প্রার্থীকে মনোনয়নপত্র গ্রহণের সময় ভোটার তালিকা বাবদ ১,০০০/-(এক হাজার) টাকা প্রদান করতে হবে।

১৬. নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/বিজ্ঞপ্তি সমিতির নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে।

১৭. নির্বাচন তফসিলে বর্ণিত কোন বিষয়ের তারিখে যে কোন কারণে বন্ধ থাকিলে বা সরকারী ছুটি থাকিলে এ সংক্রান্তে নির্বাচন বোর্ড এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮. নির্বাচন বোর্ড সচিবালয়ের সময়সূচী শুক্রবার ব্যতীত শনিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। তবে নির্বাচন বোর্ড এর সিদ্ধান্ত মতে শুক্রবারেও নির্বাচন অফিস খোলা রাখা যাবে।

১৯. নির্বাচনের সকল কার্যক্রম বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫, রিহ্যাব সংঘস্মারক-সংঘবিধি এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী পরিচালিত হইবে।

২০. রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর (২০২৬-২০২৮) মেয়াদের অফিস বেয়ারার ও পরিচালনা পর্ষদ নির্বাচনের জারীকৃত তফসিল-এ উল্লেখিত সময় সূচী পরিবর্তনের ক্ষমতা নির্বাচন বোর্ড সংরক্ষণ করে।

## নির্বাচন আচরণ বিধি

১. নির্বাচন তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাঁহার প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে, যথা ঃ-



Election Board, REHAB Election 2026-2028

হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

(ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

(খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

(গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো এ ফোর (A4) সাইজের প্রচার পত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

(ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করিতে পারিবেন না।

(ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধায়নে গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে।

(চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

(ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোস্টার বহন সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

(জ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবে না।

২. নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাইবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবে।

৩. এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপিল বোর্ডের নিকট সাথে সাথে আপিল দায়ের করিবে। উপদফা (১) এ বর্ণিত আচরণ বিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপিল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণ বিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিষ্পত্তির জন্য আপিল বোর্ড নির্বাচন চলাকালীন ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপিল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হইবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষ থেকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা হইবে। নোটিশবোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হইবে। শুনানী গ্রহণ শেষে আপিল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৪. ভোট গ্রহণ কক্ষে একের অধিক ভোটার একই সঙ্গে প্রবেশ করিতে পারিবেন না। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।

৫. ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশের বিধান লংঘন



Election Board, REHAB Election 2026-2028

হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভুইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হইতে বহিস্কার করিতে পারিবে।

৬. নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পরিবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।

৭. কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবে না।

৮. চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নহে কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়াছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণ বিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।

৯. নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০. নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ স্বত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া উপদফা (৩) এ বর্ণিত বিধান পূর্বক তাহার প্রার্থীপদ বাতিল করা যাইবে।

১১. নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করিবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে বাণিজ্য সংগঠনের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হইবে না।

১২. **ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তাহার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং টি.আই.এন নম্বর উল্লেখ করা হইবে। সংগঠনের দপ্তরে রক্ষিত সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সদস্যের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হইবে। উক্ত পরিচিতি পত্র না থাকিলে অথবা স্বাক্ষরে গরমিল হইলে ভোট প্রদান করা যাইবে না।**

Election Board, REHAB Election 2026-2028

১৩. পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতরূপে ভোটার সনাক্ত করা হইলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নাম ও নম্বর লিপিবদ্ধ করিয়া ব্যালট পত্রের প্রথম অংশ উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সীলসহ যথাযথভাবে পূরণকরতঃ ব্যালট পত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করিবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করিয়া ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করিবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র প্রদান করা যাইবে না।

১৪. শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাদের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করিবেন।

ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করিয়া শূন্যতার নিশ্চয়তার বিধান পূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করিবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করিবেন।



হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

১৫. একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে কোন গ্রুপের সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাইবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করতঃ উহার স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করিবেন।

১৬. সকাল ১০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ করা হবে। সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হইলে ব্যালট বাক্স সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকিবে।

১৭. নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।

১৮. উপদফা (১৭) এ বর্ণিত ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অতঃপর ভোট গণনা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের বরাবর লিখিত আবেদনের প্রেক্ষিতে এবং বোর্ডের সম্মতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

১৯. নির্বাচন বোর্ড গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হইতে ব্যালট পত্র বাহির করিয়া প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করিবে। ভোট ডিজিটাল মেশিনে অথবা সরাসরি গণণা করা হবে, নির্বাচন বোর্ড এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে, যথা ঃ-

(ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে;

(খ) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে।

(গ) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশনাবলী লংঘন করিয়া পূরণকৃত ব্যালট পত্র।

Election Board, REHAB Election 2026-2028

হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভুইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

২৯ নভেম্বর ২০২৫ সংযোজনী-১

# নির্বাচন তফসিল

২০২৬-২০২৮ মেয়াদের জন্য রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর অফিস বেয়ারার এবং পরিচালক (ঢাকা-২৬ জন + চট্টগ্রাম রিজিয়ন-৩ জন) পদের নির্বাচন তফসিল ঃ

| ক্রম | বিবরণ | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ১ | ২৯ নভেম্বর ২০২৫ | |
| ২ | সদস্যদের বার্ষিক চাঁদা-২০২৫ (নির্বাচন তারিখের পূর্ববর্তী ৬০তম দিন পর্যন্ত সংগঠনে প্রাপ্য চাঁদা ও অন্য যে কোন বকেয়া রাখিয়াছেন এমন সদস্য নির্বাচনে ভোট দিতে পারবেন না) পরিশোধ এবং প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড-লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদ/রশিদ এর কপি, নমুনা স্বাক্ষর ফরম, কোম্পানীর প্রতিনিধি নিয়োগ সংক্রান্ত রেজুলেশন ফরম এবং ভোটারের দুই কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দানের সর্বশেষ তারিখ ও সময় | ১৭ /১২/২০২৫<br>বিকাল ৫ ঘটিকা পর্যন্ত |
| ৩ | প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময় | ২৫/১২/২০২৫<br>বিকাল ৪ ঘটিকায় পর্যন্ত |
| ৪ | প্রাথমিক ভোটার তালিকার উপর আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | ২৮/১২/২০২৫<br>বিকাল ৪ ঘটিকা পর্যন্ত |
| ৫ | আপীল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার আপত্তির উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান | ০১/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা পর্যন্ত |
| ৬ | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময় | ০৩/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা |
| ৭ | বিভিন্ন পদে নির্বাচনে প্রার্থীর মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | ৪/০১/২০২৬ হতে<br>১০/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা পর্যন্ত |
| ৮ | মনোনয়নপত্র বাছাই ও প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশের তারিখ ও সময় | ১৬/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা পর্যন্ত |
| ৯ | মনোনয়নপত্র বাতিল সম্পর্কে আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের টাকা সর্বশেষ তারিখ ও সময়<br>*আপিল ফি নগদ ১০,০০০ (দশ হাজার) টাকা | ১৮/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা পর্যন্ত |
| ১০ | মনোনয়নপত্র বাতিল সম্পর্কিত দাখিলকৃত আপত্তির উপর আপীল বোর্ডের শুনানী ও সিদ্ধান্ত প্রদান | ১৯/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা পর্যন্ত |

Election Board, REHAB Election 2026-2028



হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

REHAB

| | | |
|---|---|---|
| ১১ | বৈধভাবে চূড়ান্ত প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ ও সময়। | ২১/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা পর্যন্ত |
| ১২ | প্রার্থীপদ প্রত্যাহারের সর্বশেষ তারিখ ও সময় | ২৪/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা পর্যন্ত |
| ১৩ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের তারিখ ও সময় | ২৬/০১/২০২৬<br>বিকাল ৫ ঘটিকা |
| ১৪ | রিহ্যাব এর সদস্যপদ প্রাপ্তির উপর জ্যেষ্ঠতার ভিত্তিতে ব্যালট নং নির্ধারিত হবে। | ২৭/০১/২০২৬<br>বিকাল ৪ ঘটিকা |
| ১৫ | **নির্বাচন অনুষ্ঠান (ভোট গ্রহণ)** | ১৬/০২/২০২৬<br>**সকাল ১০ ঘটিকা হতে**<br>**বিকাল ৪ ঘটিকা পর্যন্ত**<br>**(বিরতিহীনভাবে)** |
| ১৬ | ভোট গ্রহণ শেষে ভোট গণনা ও ফলাফল প্রকাশের তারিখ | (ভোট গণনা শেষে ফলাফল) |
| ১৭ | নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে কোনো আপত্তি থাকিলে আপিল বোর্ডের নিকট আপিল করার সর্বশেষ তারিখ ও সময় | ১৭/০২/২০২৬ |
| ১৮ | আপীল বোর্ডের শুনানী ও সিদ্ধান্ত প্রদান | ১৯/০২/২০২৬ |
| ১৯ | ফলাফল প্রকাশের তারিখ | ২০/০২/২০২৬ |
| ২০ | নির্বাচনের ফলাফল সম্পর্কে আপীল বোর্ডের নিকট ১৫,০০০ (পনের হাজার) টাকা ফির মাধ্যমে আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | ২২/০২/২০২৬<br>**বিকাল** ৪ ঘটিকা পর্যন্ত |
| ২১ | নির্বাচনের ফলাফল সম্পর্কিত দাখিলকৃত আপত্তির উপর আপীল বোর্ডের শুনানী ও সিদ্ধান্ত প্রদান | ২৫/০২/২০২৬<br>বিকাল ৩ ঘটিকা পর্যন্ত |
| ২২ | চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখ | ২৫/০২/২০২৬<br>বিকেল ৫ ঘটিকা |

Election Board, REHAB Election 2026-2028



হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভূঁইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

# নির্বাচন বোর্ড-এর কার্যালয়

ন্যাশনাল প্লাজা (৬ষ্ঠ তলা)
১/জি, ফ্রি স্কুল স্ট্রীট, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫।
রিহ্যাব পরিচালনা পর্ষদ নির্বাচন ২০২৬-২০২৮

ভোটারেরর ২(দুই) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি

## নমুনা স্বাক্ষর ফরম
(সকল ভোটারের জন্য)
(প্রতিষ্ঠানের প্যাডে মূদ্রিত হতে হবে)

| | | | |
|---|---|---|---|
| ১ | কোম্পানীর নাম | ঃ | |
| ২ | সদস্য কোম্পানীর টি.আই.এন | ঃ | |
| ৩ | সদস্য নং | ঃ | |
| ৪ | ভোটারের নাম | ঃ | |
| ৫ | ভোটারের ৩টি নমুনা স্বাক্ষর | | |
| | ১) | ঃ | |
| | ২) | ঃ | |
| | ৩) | ঃ | |

Election Board, REHAB Election 2026-2028

(সত্যায়নকারীর নাম, সীল ও স্বাক্ষর )

নোট ঃ সংযুক্ত সকল ফরম পূরণ পূর্বক অবশ্যই ১৭/১২/২০২৫ তারিখের মধ্যে রিহ্যাব নির্বাচন বোর্ড-এর কার্যালয়ে প্রেরণ করতে হবে ।



হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভূইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

# নির্বাচন বোর্ড-এর কার্যালয়

ন্যাশনাল প্লাজা (৬ষ্ঠ তলা)
১/জি, ফ্রি স্কুল স্ট্রীট, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫।
রিহ্যাব পরিচালনা পর্ষদ নির্বাচন ২০২৬-২০২৮

**ভোটার মনোনয়ন ফরম**

**(প্রতিষ্ঠানের প্যাডে মূদ্রিত হতে হবে)**

---

বরাবর
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
রিহ্যাব পরিচালনা পর্ষদ নির্বাচন ২০২৬-২০২৮
**রিহ্যাব**
ন্যাশনাল প্লাজা (৬ষ্ঠ তলা)
১/জি, ফ্রি স্কুল স্ট্রীট, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫।

**বিষয় ঃ ভোটার মনোনয়ন, রিহ্যাব পরিচালনা পর্ষদ নির্বাচন ২০২৬-২০২৮।**

Election Board, REHAB Election 2026-2028

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ে ২৯ নভেম্বর, ২০২৫ তারিখের নোটিশের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমাদের প্রতিষ্ঠানের নিম্নোক্ত ব্যক্তিকে রিহ্যাব পরিচালনা পর্ষদ নির্বাচন ২০২৬-২০২৮ এর জন্য ভোটার হিসাবে মনোনয়ন দেওয়া হল ঃ

| | | |
|---|---|---|
| কোম্পানীর নাম | ঃ | |
| মনোনীত ব্যক্তির নাম ও পদবী | ঃ | |
| যোগাযোগের ঠিকানা | ঃ | |
| টি.আই.এন | ঃ | |
| সদস্য নং | ঃ | |

স্বাক্ষর ঃ-----------------------
চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ পরিচালক এর পদবী ও সীল মোহর

হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভুঁইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

# নির্বাচন বোর্ড-এর কার্যালয়

ন্যাশনাল প্লাজা (৬ষ্ঠ তলা)
১/জি, ফ্রি স্কুল স্ট্রীট, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫।
রিহ্যাব পরিচালনা পর্ষদ নির্বাচন ২০২৬-২০২৮

**সদস্য প্রতিষ্ঠানের পরিচালক মন্ডলীর বৈঠকের সিদ্ধান্তের নমুনা ফরমেট**
**(প্রতিষ্ঠানের প্যাডে মুদ্রিত হতে হবে)**

---

----------------------- তারিখে অনুষ্ঠিত ----------------------- লি ঃ এর (কোম্পানীর নাম) পরিচালক মন্ডলীর ------তম সভার কার্যবিবরণীর সার সংক্ষেপ ঃ

সিদ্ধান্ত গৃহীত হয় যে, আমাদের চেয়ারম্যাঁন/ ব্যবস্থাপনা পরিচালক/ পরিচালক (একজনের পদবী রেখে বাকীটা কেটে দিতে হবে) জনাব ---------------------- রিহ্যাব পরিচালনা পর্ষদ নির্বাচন ২০২৬-২০২৮ এ আমাদের কোম্পানীর প্রতিনিধিত্ব করবেন এবং তাকে ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তে অনুষ্ঠিত নির্বাচনে ভোট প্রদানের ক্ষমতা প্রদান করা হলো ।

Election Board, REHAB Election 2026-2028

সীল সহ স্বাক্ষর
চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপর্যুক্ত সিদ্ধান্ত যথাযথভাবে গৃহীত হয়েছে এবং কোম্পানীর বহিতে লিপিবদ্ধ করা হয়েছে এবং চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক স্বাক্ষরিত হয়েছে ও কোম্পানীর সংঘ বিধি অনুসারে প্রণীত হয়েছে ।

চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক এর সীল সহ স্বাক্ষর

হাজী মোঃ শরিফুল ইসলাম
সদস্য-০২
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

আবুল কাইয়ুম তালুকদার মনি
সদস্য-০১
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)

মোঃ জহিরুল হক ভূইয়া
চেয়ারম্যান
রিহ্যাব নির্বাচন বোর্ড (২০২৬-২০২৮)



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885